

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৩
আগরতলা, ১৪ জুন, ২০২৪

জগমোহনপাড়ায় স্বাস্থ্য শিবির

উনকোটি জেলার বেতছড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত জগমোহনপাড়ায় গতকাল এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২০ জন এলাকাবাসী স্বাস্থ্য শিবিরে চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন। শিবিরে ১৫ জনের অসংক্রামক রোগের স্ক্রিনিং, ৭ জনের রক্তের নমুনা সংগ্রহ ও আর ডি কিটে রক্তের পরীক্ষা করা হয়। শিবিরে স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য সচেতনতা বিষয়ে আলোচনা করেন। তাছাড়াও উনকোটি জেলার কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন মাইলং আয়ুস্মান আরোগ্য মন্দিরে গতকাল ১৭টি আভা কার্ড জেনারেশন করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
